



সাবেক সিনিয়র সচিব ড. জাফর উদ্দীনকে বিএফটিআই'র সিইও পদে নিয়োগ

ঢাকাঃ ০১ জুলাই, ২০২১

বাংলাদেশ ফরেন ট্রেড ইন্সটিটিউট পরিচালনা পর্ষদ চিফ এক্সিকিউটিভ অফিসার(সিইও) পদে সদ্য অবসরপ্রাপ্ত সিনিয়র সচিব ড. মো. জাফর উদ্দীন কে তিন বছরের জন্য নিয়োগ প্রদান করেছে।

ড. মোঃ জাফর উদ্দীন আজ ১ জুলাই, ২০২১ তারিখ সকালে বাংলাদেশ ফরেন ট্রেড ইন্সটিটিউট (বিএফটিআই) -এর চিফ এক্সিকিউটিভ অফিসার পদে যোগদান করেছেন।

ড. মোঃ জাফর উদ্দীন ইতিপূর্বে বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব এবং অর্থ বিভাগের অতিরিক্ত সচিব হিসেবে কর্মরত ছিলেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ফিন্যান্স বিষয়ে বি.কম, অনার্স এবং এম.কম ডিগ্রী অর্জন করেন। যুক্তরাজ্যের University of Ulster থেকে তিনি সেকেন্ড মাস্টার্স ডিগ্রী অর্জন করেন। এছাড়াও তিনি ফিলিপাইনের University of East থেকে Doctor of Business Administration ডিগ্রী অর্জন করেন।